ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

নগর ভবন

প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা।

উন্নয়নের গনতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১৭ তম কর্পোরেশন সভার (বাজেট সভা) কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব আনিসুল হক মাননীয় মেয়র ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
তারিখ	:	০৭ আষাঢ় ১৪২৪ ২১ জুন, ২০১৭
সময়	:	বেলা ০১.৩০ টা
স্থান	:	নগর ভবন, সেন্টাল পয়েন্ট (লেভেল-৮), প্লট-২৩-২৬, রোড-৪৬, গুলশান-২, ঢাকা

সভায় উপস্থিত কাউন্সিলরদের তালিকা পরিশিষ্ট "ক"

সভার সভাপতি মাননীয় মেয়র উপস্থিত সকলকে পবিত্র ঈদ উল ফিতর/২০১৭ এর অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন ২০১৬-২০১৭ অর্থ বছরে ডিএনসিসি তার অধিক্ষেত্রের সকল অঞ্চলে বিশেষ করে উত্তরা, গুলশান, বনানী, বারিধারা ও নিকেতন এলাকায় রাস্তা-ঘাট প্রসস্তকরণসহ ব্যাপক উন্নয়ন কার্যক্রম সম্পাদন করে । গ্রীণ ঢাকা ক্লীন ঢাকা বাস্তবায়নে গত অর্থ বছরে নাগরিক সুবিধা বৃদ্ধিকল্পে গৃহীত বহুমুখী কাজ সফলতার সাথে সম্পন্ন হয়েছে। সম্প্রতি খিলক্ষেত ও এর পার্শ্ববর্তী ৩০০ ফিট রাস্তা সংলগ্ন এলাকার জলাবদ্ধতা নিরসন কল্পে সেনাবাহিনীর সহায়তায় অস্ট্রেলিয়ান স্কুলসহ বিভিন্ন প্রতিস্থানের অবৈধ স্থাপনায় উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করে পানি নিস্কাশনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আগামী অর্থ বছরে অর্থাৎ ২০১৭-২০১৮ অর্থ বছরে প্রাধিকার ভিত্তিতে মিরপুর ও মোহাম্মদপুর এলাকায় রাস্তা-ঘাট উন্নয়নের কর্মসূচি হাতে নেয়া হয়েছে। রাজস্ব আদায় সংক্রান্তে আগামী অর্থ বছরে ডিএনসিসি অধিক্ষেত্র এলাকার হোল্ডিং কর, মার্কেট লীজ/বরাদ্দ ও সালামী আদায় করণ কার্যক্রমকে আরও বেগবান করার নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপতি প্রধান নির্বাহী কর্মকর্তা'কে এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

সভার সভাপতি মাননীয় মেয়র, সম্মানিত কাউন্সিলরবৃন্দ ও সিটি কর্পোরেশনের উপস্থিত কর্মকর্তাগণ'কে শুভেচ্ছা জানিয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করেন। এজেন্ডা ভিত্তিক আলোচনায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	বিগত ১৩/০৬/২০১৭ তারিখ অনুষ্ঠিত ১৬তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়করণ প্রসঙ্গে	প্রধান নির্বাহী কর্মকর্তা গত ১৩/০৬/২০১৭ তারিখ অনুষ্ঠিত ১৬তম সভার কার্যবিবরণী দৃঢ়করণের লক্ষ্যে পরিবর্তন/ পরিমার্জনসহ কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা উপস্থাপনের জন্য অনুরোধ জানান ও ১৬তম কর্পোরেশন সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় তুলে ধরেন। এ বিষয়ে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ১৬তম কর্পোরেশন সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণে উপস্থিত সকলে ঐক্যমত্য পোষণ করেন।	সর্বসম্মতিক্রমে ১৬তম কর্পোরেশন সভার কার্যবিবরণীর দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	
০২.	১৬তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি	১৬তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরবর্তী কর্পোরেশন সভায় উপস্থাপন করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।	১৬তম কর্পোরেশন সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরবর্তী কর্পোরেশন সভায় উপস্থাপন করতে হবে।	• সংশ্লিষ্ট সম্মানিত কাউন্সিলর • সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান • সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা
০৩.	ডিএনসিসি'র ২০১৬-২০১৭ অর্থ বছরের সংশোধিত বাজেট এবং ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট অনুমোদন প্রসঙ্গে	সভাপতি, ১৯ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর এবং 'অর্থ ও সংস্থাপন সংক্রান্ত স্থায়ী কমিটি'র সভাপতি জনাব মোঃ মফিজুর রহমান-কে বাজেট সংক্রান্ত আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। আলোচনায় ১৯ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর এবং 'অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি'র সভাপতি জনাব মোঃ মফিজুর রহমান উপস্থিত সভার সভাপতি, সম্মানিত কাউন্সিলরবৃন্দ ও ডিএনসিসি'র কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং বাজেট সম্পর্কে বিস্তারিত তথ্য উপস্থাপনের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাকে অনুরোধ জানান। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা ডিএনসিসি'র ২০১৬-২০১৭ অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট কর্পোরেশন সভায় উপস্থাপন করেন। যার সংক্ষিপ্তসার নিম্নরূপ-	ডিএনসিসি'র ২০১৬-২০১৭ অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট সর্ব সম্মতিক্রমে অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	• প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবা</th></tr>
<tr><td></td><td></td><td>
(কোটি টাকায়)
<table>
<tr><th>ক্রম</th><th>খাত</th><th>বাজেট ২০১৬-২০১৭</th><th>সংশোধিত বাজেট ২০১৬-২০১৭</th><th>বাজেট ২০১৭-২০১৮</th></tr>
<tr><td></td><td>প্রারম্ভিক স্থিতি</td><td>২৩৪.০০</td><td>৩৫৫.০৪</td><td>২১৬.০০</td></tr>
<tr><td colspan="5">আয়ঃ</td></tr>
<tr><td>১</td><td>রাজস্ব আয়</td><td>৯৪৮.২৫</td><td>৫৮৪.৪৭</td><td>৯৭৭.৬৫</td></tr>
<tr><td>২</td><td>অন্যান্য আয়</td><td>১৯.৫৯</td><td>৫.৯০</td><td>১১.৫০</td></tr>
<tr><td>৩</td><td>সরকারি অনুদান (থোক)</td><td>২০.০০</td><td>৩৮.০০</td><td>১০০.০০</td></tr>
<tr><td>৪</td><td>সরকারি বিশেষ অনুদান</td><td>৫০.০০</td><td>০.০০</td><td>৫০.০০</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>১০৩৭.৮৪</td><td>৬২৮.৩৭</td><td>১১৩৯.১৫</td></tr>
<tr><td>৫</td><td>সরকারি/ বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প</td><td>৮১১.৫১</td><td>২৪৭.৮৫</td><td>১০২৯.৬৫</td></tr>
<tr><td></td><td>মোট আয়</td><td>১৮৪৯.৩৫</td><td>৮৭৬.২২</td><td>২১৬৮.৮০</td></tr>
<tr><td></td><td>সর্বমোট আয়</td><td>২০৮৩.৩৫</td><td>১২৩১.২৬</td><td>২৩৮৪.৮০</td></tr>
<tr><td colspan="5">ব্যয়</td></tr>
<tr><td>১</td><td>রাজস্ব ব্যয়</td><td>৩৫৪.২০</td><td>৩২২.২৬</td><td>৪৩৪.৭০</td></tr>
<tr><td>২</td><td>অন্যান্য ব্যয়</td><td>১৯.৮৪</td><td>২.২৫</td><td>৯.৫০</td></tr>
<tr><td>৩</td><td colspan="4">উন্নয়ন ব্যয়</td></tr>
<tr><td>৩.১</td><td>উন্নয়ন ব্যয় (নিজস্ব উৎস, সরকারি থোক)</td><td>৭৪৭.৮০</td><td>৪৪২.৯০</td><td>৭৯১.১০</td></tr>
<tr><td>৩.২</td><td>উন্নয়ন ব্যয় (সরকারি/ বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প)</td><td>৮১১.৫১</td><td>২৪৭.৮৫</td><td>১০২৯.৬৫</td></tr>
<tr><td></td><td>উপমোট-উন্নয়ন ব্যয়</td><td>১৫৫৯.৩১</td><td>৬৯০.৭৫</td><td>১৮২০.৭৫</td></tr>
<tr><td></td><td>মোট ব্যয়</td><td>১৯৩৩.৩৫</td><td>১০১৫.২৬</td><td>২২৬৪.৯৫</td></tr>
<tr><td></td><td>সমাপনী স্থিতি</td><td>১৫০.০০</td><td>২১৬.০০</td><td>১১৯.৮৫</td></tr>
<tr><td></td><td>সর্বমোট ব্যয়</td><td>২০৮৩.৩৫</td><td>১২৩১.২৬</td><td>২৩৮৪.৮০</td></tr>
</table>
অর্থাৎ ২০১৬-২০১৭ অর্থ-বছরের সংশোধিত বাজেট ১২৩১.২৬ কোটি টাকা এবং ২০১৭-২০১৮ অর্থ-বছরের ২৩৮৪.৮০ কোটি টাকার বাজেট উপস্থাপন করা হয়।
উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর সর্ব সম্মতিক্রমে উথাপিত বাজেট অনুমোদনের করেন।
</td><td></td><td></td></tr>
<tr><td>০৪.</td><td>মার্কেট উপ-আইন সংশোধন সংক্রান্ত</td><td>
প্রধান রাজস্ব কর্মকর্তা সভায় উপস্থাপন করেন যে, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬০ নং আইন) এর ধারা ১২২ এ প্রদত্ত ক্ষমতাবলে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, সরকারের নির্দেশক্রমে, ৩০ টি ধারা সম্বলিত খসড়া মার্কেট উপ-আইন ২০১৭ প্রণয়ন করা হয়েছে।
সভাপতি বলেন, বিদ্যমান 'মার্কেট উপ আইন ২০১৩' অনুযায়ী কাওরান বাজার স্থানান্তর, সদ্য নির্মিত মহাখালী কাচাঁ বাজারের লিজ বরাদ্দসহ অন্যান্য মার্কেট ব্যবস্থাপনা কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন করা সম্ভব হচ্ছে না। যার ফলে বিদ্যমান আইনি কাঠামো সংশোধন করা অত্যাবশ্যক।
১৬তম কর্পোরেশন সভায় নীতিগত ভাবে 'মার্কেট উপ-আইন ২০১৭' গৃহীত হয়েছে। তবে কোন পর্যবেক্ষণ থাকলে তা উপস্থাপনের জন্য সভাপতি অনুরোধ জানান।
ওয়ার্ড-১১ এর সম্মানিত কাউন্সিলর জনাব দেওয়ান আবদুল মান্নান, মার্কেট উপ আইনের 'বরাদ্দ কমিটি'তে পুরুষ কাউন্সিলর ও মহিলা
</td><td>
১। 'মার্কেট উপ আইন ২০১৭' এর 'বরাদ্দ কমিটি'তে উল্লেখিত পুরুষ কাউন্সিলর ও মহিলা কাউন্সিলর সংশোধন করে 'কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড' ও 'কাউন্সিলর, সংরক্ষিত আসন' লিপিবদ্ধ করতে হবে।
২। উক্ত সংশোধনসহ 'মার্কেট উপ আইন ২০১৭' অনুমোদনের নিমিত্ত মন্ত্রণালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ
</td><td>
• প্রধান রাজস্ব কর্মকর্তা
</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>কাউন্সিলর উল্লেখ করা হয়েছে- যা সংশোধন করে 'কাউন্সিলর, সাধারণ ওয়ার্ড' ও 'কাউন্সিলর, সংরক্ষিত আসন' করা প্রয়োজন মর্মে উল্লেখ করেন।
উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর উক্ত সংশোধনসহ 'মার্কেট উপ আইন ২০১৭' অনুমোদনের নিমিত্ত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য ঐক্যমত্য পোষণ করেন।</td><td>করতে হবে।</td><td></td></tr>
<tr><td>০৫.</td><td>ল্যান্ডফিলে স্থায়ীভাবে নিয়োজিত কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক/ ক্লিনারগণকে মাননীয় মেয়র মহোদয়ের ঐচ্ছিক তহবিল হতে প্রনোদনা প্রদান প্রসঙ্গে।</td><td>সভায় প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা উল্লেখ করেন যে, ল্যান্ডফিল ডিএনসিসি'র একটি গুরুত্বপূর্ণ স্থাপনা যা বর্জ্য ব্যবস্থাপনার জন্য অপরিহার্য। ল্যান্ডফিলের কর্মপরিবেশ খুবই রূঢ়। এখানে কাজ করার জন্য কেহ ইচ্ছা পোষণ করে না। নিয়োজিতরা দীর্ঘদিন অবস্থান করতে চায় না। ল্যান্ডফিলের রূঢ় ও দূর্গন্ধযুক্ত পরিবেশে স্বাস্থ্যঝুঁকি রয়েছে। কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের মধ্যে ল্যান্ডফিলের বিরূপ পরিস্থিতিতে কাজ করার আগ্রহ সৃষ্টির জন্য প্রনোদনা প্রদান সহায়ক ভূমিকা রাখতে পারে। যা বৎসরে দু'টি মূল বেতনের সমান হতে পারে। বর্তমানে কর্মরত ১৫ জন কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের প্রনোদনা প্রদানে বাৎসরিক ৩,২১,২৮০/- (তিন লক্ষ একুশ হাজার দুই শত আশি) টাকা ব্যয় হবে।
সভাপতি, বাৎসরিক ০১(এক)টি মূল বেতনের সমপরিমান প্রনোদনা প্রদানের অভিমত ব্যক্ত করেন। উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলর এ বিষয়ে ঐক্যমত্য পোষণ করেন।</td><td>ল্যান্ডফিলে কর্মরত ১৫ জন কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিকদের বছরে ০১(এক)টি মূল বেতনের সমপরিমান প্রনোদনা প্রদান করা হবে। তবে শর্ত থাকে যে, ল্যান্ডফিলে কর্মকাল কমপক্ষে ১ বছর হতে হবে।</td><td>● প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা
● প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা</td></tr>
<tr><td>০৬.</td><td>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের "অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি"র ২৭/০২/২০১৭ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভার সুপারিশ সম্পর্কে আলোচনা</td><td>ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের "অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি"র ২৭/০২/২০১৭ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত সভায় ৮(আট)টি সুপারিশসহ কার্যবিবরণী উপস্থাপন করা হয়েছে সুপারিশসমূহ নিম্নরূপ-
(ক) অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিসহ সকল স্থায়ী কমিটির সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরদের সম্মানি প্রদান করা এবং সভায় আপ্যায়নের ব্যবস্থা করা।
(খ) ডিএনসিসি'র বর্তমান কর্মচারীর সংখ্যা বিভাগওয়ারী এবং কতজন কর্মচারীর নিয়োগ প্রয়োজন বিভাগওয়ারী এই তালিকা প্রস্তুত করতঃ অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটির সদস্য ও সভাপতির কাছে উপস্থাপন করা।
জনবল সংক্রান্ত তথ্যাদিঃ
জনবল কাঠামো অনুযায়ী কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যাঃ
<table>
<tr><th>ক্রম</th><th>শ্রেণি</th><th>অনুমোদিত পদ</th><th>কর্মরত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা</th><th>শূন্য পদ</th></tr>
<tr><td>০১</td><td>১ম শ্রেণি</td><td>১৮৩</td><td>১১১</td><td>৭২</td></tr>
<tr><td>০২</td><td>২য় শ্রেণি</td><td>৯৫</td><td>৭২</td><td>২৩</td></tr>
<tr><td>০৩</td><td>৩য় শ্রেণি</td><td>১০২৭</td><td>৫০৬</td><td>৫২১</td></tr>
<tr><td>০৪</td><td>৪র্থ শ্রেণি</td><td>৫৫৩</td><td>১৭৯</td><td>৩৭৪</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>১৮৫৮</td><td>৮৬৮</td><td>৯৮৭</td></tr>
</table>
উদ্বৃত্ত কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (আত্তীকরণ করা প্রয়োজন)
<table>
<tr><th>ক্রম</th><th>শ্রেণি</th><th>কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>১ম শ্রেণি</td><td>০৪ জন</td></tr>
<tr><td>০২</td><td>২য় শ্রেণি</td><td>০৯ জন</td></tr>
<tr><td>০৩</td><td>৩য় শ্রেণি</td><td>৩১ জন</td></tr>
<tr><td>০৪</td><td>৪র্থ শ্রেণি</td><td>৬২ জন</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>১০৬ জন</td></tr>
</table>
উদ্বৃত্ত কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (আত্তীকরণ করা প্রয়োজন নেই)
<table>
<tr><th>ক্রম</th><th>শ্রেণি</th><th>কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>৩য় শ্রেণি</td><td>২১ জন</td></tr>
<tr><td>০২</td><td>৪র্থ শ্রেণি</td><td>৩১২ জন</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>৩৩৩ জন</td></tr>
</table>
বিঃদ্রঃ নিরাপত্তা প্রহরী, নিরাপত্তা ফোর্স, রং মিস্ত্রী, বহিঃ বিভাগীয় পিয়ন, পাম্প অপারেটর, লিফট অপারেটর, আয়া/সেবিকা (শিশু কেন্দ্র), মোল্লা, স্প্রে ম্যান, ক্লিনার, মালী কাম প্রহরী, কাঠ মিস্ত্রী, সহকারী পেইন্টার,, কর্মকার, ফিটার, নাইট সয়েল কাঠ মিস্ত্রী, টিন স্মিথ, আপ হোস্টার, সহকারী আপ</td><td>সম্মানিত কাউন্সিলরবৃন্দ স্থায়ী কমিটির সভা পরিচালনায় সম্মানি নিবেন না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>● সভাপতি, অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটি</td></tr>
</table>